

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৯৭৬

২১. জিহাদ সম্পর্কিত অধ্যায় (کتاب الجهاد) পরিচ্ছেদঃ ১২. জিহাদে ঘোড়ার অংশ

بَابِ الْقَسْمِ لِلْخَيْلِ فِي الْغَزْوِ

আরবী

حَدَّتَنِي يَحْيَى عَنْ مَالِك أَنَّهُ قَالَ بَلَغَنِي أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ كَانَ يَقُولُ لِلْفَرَسِ سَهْمَانِ وَلِلرَّجُلِ سَهْمٌ قَالَ مَالِك وَلَمْ أَزَلْ أَسْمَعُ ذَلِكَ وَسُئِلَ مَالِك عَنْ رَجُل يَحْضُرُ بِأَفْراسٍ وَلِلرَّ إِلَّا مَنْ يُقْسَمُ لَهَا كُلِّهَا فَقَالَ لَمْ أَسْمَعْ بِذَلِكَ وَلَا أَرَى أَنْ يُقْسَمَ إِلَّا لِفَرَسٍ وَاحِدِ الَّذِي يُقَاتِلُ عَلَيْهِ قَالَ مَالِك لَا أَرَى الْبَرَاذِينَ وَالْهُجُنَ إِلَّا مِنْ الْخَيْلِ لِأَنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى قَالَ يُقَاتِلُ عَلَيْهِ قَالَ مَالِك لَا أَرَى الْبَرَاذِينَ وَالْهُجُنَ إِلَّا مِنْ الْخَيْلِ لِأَنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى قَالَ فِي كَتَابِهِ وَالْخَيْلِ وَالْبِغَالَ وَالْحَمِيرَ لِتَرْكَبُوهَا وَزِينَةً وَقَالَ عَزَّ وَجَلَّ وَأَعِدُوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوّ اللَّهِ وَعَدُوّكُمْ فَأَنَا أَرَى الْبَرَاذِينَ السَّعَلِيدُ بْنُ الْمُسَيِّبِ وَسُئِلَ عَنْ الْبَرَاذِينِ وَالْهُجُنَ مِنْ الْخَيْلِ إِذَا أَجَازَهَا الْوَالِي وَقَدْ قَالَ سَعِيدُ بْنُ الْمُسَيِّبِ وَسُئِلَ عَنْ الْبَرَاذِينِ وَالْهُجُنَ مِنْ الْخَيْلِ فِيهَا مِنْ صَدَقَةٍ فَقَالَ وَهَلْ فِي الْخَيْلِ مِنْ صَدَقَةٍ

বাংলা

রেওয়ায়ত ২১. মালিক (রহঃ) বলেন, আমার নিকট রেওয়ায়ত পৌছিয়াছে যে, উমর ইবন আবদুল আযীয (রহঃ) বলিয়াছেনঃ গনীমতের মধ্যে ঘোড়ার দুই অংশ এবং অশ্বারোহীর এক অংশ।

মালিক (রহঃ) বলেন, আমি উক্ত ধরনের অভিমতই শুনিয়া আসিয়াছি।

মালিক (রহঃ)-কে জিজ্ঞাসা করা হইয়াছিল- একজন যদি কয়েকটি ঘোড়া জিহাদে নিয়া আসে তবে সে প্রত্যেকটিরই কি আলাদা হিস্যা পাইবে? তিনি বলিলেনঃ না, আমি এইরূপ শুনি নাই, যে ঘোড়াটির উপর আহরণ করিয়া যুদ্ধ করিয়াছে সেইটির হিস্যাই কেবল সে পাইবে।

মালিক (রহঃ) বলেন, আমার মতে তুর্কী ঘোড়া এবং সংকর জাতীয় ঘোড়াও সাধারণ ঘোড়ার হুকুমের অন্তর্ভুক্ত হইবে। কেননা কুরআনুল করীমে ইরশাদ হইয়াছেঃ "ঘোড়া, গাধা ও খচ্চর তোমাদের আরোহণের জন্য আমি সৃষ্টি করিয়াছি।" (নাহলঃ ৮) আল্লাহ্ তা'আলা আরো ইরশাদ করেন, "কাফেরদের মুকাবিলায় যথাশক্তি যুদ্ধাস্ত্র এবং



ঘোড়া তৈরি রাখ যাহাতে ইহাদের দ্বারা আল্লাহর শত্রু এবং তোমাদের শত্রুকে সন্ত্রস্ত রাখিতে পার। (আনফালঃ ৬০) সুতরাং সরকার যখন গ্রহণ করিয়া নেন তখন আমার মতে তুর্কী ও সংকর জাতীয় ঘোড়াও সাধারণ ঘোড়ার অন্তর্ভুক্ত বলিয়া গণ্য হইবে।

মালিক (রহঃ) বলেনঃ সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ)- কে কেহ জিজ্ঞাসা করিয়াছিল, তুর্কী ঘোড়ারও কি যাকাত দিতে হইবে? উত্তরে তিনি বলিয়াছেনঃ ঘোডারও আবার যাকাত ওয়াজিব হয় নাকি?

English

Yahya related to me that Malik said that he had heard that Umar ibn Abd al-Aziz used to say, "The man on horse-back has two shares, and the man on foot has one."

Malik added, "I continue to hear the same."

Malik, when asked whether a man who was present with several horses took a share for all of them, said, "I have never heard that. I think that there is only a share for the horse on which he fought."

Malik said, "I think that foreign horses and half-breeds are considered as horses because Allah, the Blessed, the Exalted, said in His Book, 'All horses, and mules, and asses, for you to ride, and as an adornment.' (Sura16 ayat 8). He said, the Mighty, the Majestic, 'Make ready for them whatever force and strings of horses you can, to terrify thereby the enemy of Allah and your enemy.' (Sura 8 ayat 60). I think that foreign breeds and half-breeds are considered as horses if the governor accepts them."

Said ibn al-Musayyab was asked about working horses, and whether there was zakat on them. He said, "Is there any zakat on horses.?"

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন